তারিখ 21 MAY 2016
পৃষ্ঠা ১৯ কলাম ৬

সমকাল

# কক্সবাজার বালিকা উচ্চ বিদ্যালয় চট্টগ্রামে সেরা

## ৪র্থ জাতীয় স্কুল বিজ্ঞান বিতর্ক প্রতিযোগিতা

■ চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম বিভাগে সবাইকে যুক্তির মারপ্যাঁচে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে কক্সবাজার বালিকা উচ্চ বিদ্যালয়ের বিতর্ক দল। রানার্সআপ হয়েছে চট্টগ্রাম জেলার বাংলাদেশ মহিলা সমিতি উচ্চ বিদ্যালয়ের বিতার্কিক দল। গতকাল শুক্রবার সকাল থেকে দুপুর পর্যন্ত চট্টগ্রামের বাওয়া স্কুল অ্যান্ড কলেজ মিলনায়তনে বিএফএফ-সমকাল চতুর্থ জাতীয় স্কুল বিজ্ঞান বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এটি ছিল চট্টগ্রাম বিভাগীয় পর্যায়ের বিতর্কপর্ব।

এতে সকাল থেকে বিভিন্ন বিষয়ের ওপর বিতর্কে মেতে ওঠে কক্সবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রামের বাওয়া স্কুল অ্যান্ড কলেজসহ লক্ষ্মীপুর, ফেনী, রাঙামাটি ও বান্দরবান জেলার চ্যাম্পিয়ন বিতার্কিক দলগুলো। বিভাগীয় এ লড়াইয়ে সেরা বিতার্কিক হয়েছে কক্সবাজার বালিকা উচ্চ বিদ্যালয় দলের নেতা ও নবম শ্রেণীর শিক্ষার্থী সিদরাতুল মোনতাহার। এ দলের অন্য সদস্যরা হলো ফৌজিয়া উম্মে রুবাইদা আনহা ও নওশিন তাবাসসুম জ্যোতি।

বিতর্ক প্রতিযোগিতা শেষে দুপুরে বাওয়া স্কুল অ্যান্ড কলেজ মিলনায়তনে পুরস্কার বিতরণী অনুষ্ঠান হয়। সমকালের চট্টগ্রাম ব্যুরোপ্রধান ও বিশেষ প্রতিনিধি সারোয়ার সুমনের সভাপতিত্বে এতে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৪

## কক্সবাজার বালিকা

[১৯ পৃষ্ঠার পর]

অধ্যাপক ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ মহিলা সমিতি উচ্চ বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ আনোয়ারা বেগম, বসুন্ধরা গ্রুপের এজিএম আলমগীর হোসেন। শুভেচ্ছা বক্তব্য রাখেন সমকাল সুহৃদ চট্টগ্রামের সভাপতি রাশেদ হাসান। বিশ্বজিৎ পালের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও ছিলেন সমকাল সুহৃদ সমাবেশের সহসভাপতি তাজকিয়াতুন নূর তানিয়া, মাহবুবুর রহমান মাহফুজ, যুগ্ম সম্পাদক আসলাম হোসেন ও সাংগঠনিক সম্পাদক ফয়েজ হোসেন।

অধ্যাপক অনুপম সেন বলেন, শুধু বিজ্ঞানমনস্ক হলেই হবে না। কারণ বিজ্ঞানের খারাপ দিক হচ্ছে এর অপব্যবহার করা। যুক্তি দিয়ে এ অপব্যবহার পরিহার করতে হবে। মানবকল্যাণে বিজ্ঞানের চর্চা করব, মানুষের বিরুদ্ধে নয়। আমরা যুক্তির ওপর নির্ভর করে শিক্ষা ও জ্ঞানের ওপর অধিকার প্রতিষ্ঠা করব।

বাওয়া স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ আনোয়ারা বেগম বলেন, যুক্তি ছাড়া প্রকৃত মানুষ হওয়া কঠিন। ন্যায়পরায়ণভাবে কাজের প্রতি আন্তরিক থাকা মানুষরাই হচ্ছে সঠিক যুক্তিবাদী মানুষ। বসুন্ধরা গ্রুপের এজিএম আলমগীর হোসেন বলেন, সমকাল আয়োজিত বিজ্ঞান বিতর্কের এ ভালো আয়োজনের সঙ্গে থাকতে পেরে বসুন্ধরা গ্রুপ আনন্দিত।

সমকাল সুহৃদ সমাবেশের সভাপতি রাশেদ হাসান বলেন, 'বিতর্ক আমাদের যুক্তিবোধ শেখায়। বিজ্ঞান বিতর্কের মধ্য দিয়ে নিজেদের সত্যিকার মানবিক মূল্যবোধসম্পন্ন মানুষ হিসেবে গড়ে উঠতে পারব আমরা।'